

### ন্যাশনাল লাইফ ইনস্যুরেন্সের স্বাস্থ্য বীমার ছায়াতলে বিকেএসপির খেলোয়াড়রা

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান বিকেএসপির খেলোয়াড়দের গ্রুপ ও স্বাস্থ্য বীমা সুবিধা দিবে ন্যাশনাল লাইফ ইনস্যুরেন্স। বিকেএসপির সাথে দেশের শীর্ষতম জীবন বীমা প্রতিষ্ঠান ন্যাশনাল লাইফ ইনস্যুরেন্সের চুক্তি হয়েছে। ১৭ এপ্রিল ন্যাশনাল লাইফের প্রধান কার্যালয়ে এ চুক্তি স্বাক্ষরিত হয়। বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান বিকেএসপির মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন এনডিসি, পিএসসি এবং ন্যাশনাল লাইফের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মোঃ কাজিম উদ্দিন নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বিকেএসপির পরিচালক (প্রশিক্ষণ) কর্নেল মোঃ মিজানুর রহমান পিএসসি, পরিচালক প্রশাসন মুহাম্মদ আনোয়ার হোসেন, অধ্যক্ষ লে. কর্নেল মোঃ ইকবাল হোসেন, পিবিজিএম, পিবিজিএমএস ন্যাশনাল লাইফের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক মোঃ খসরু চৌধুরী, ডিএমডি এন্ড সিএফও প্রবীর চন্দ্র দাস এফসিএ, কোম্পানী সচিব আব্দুল ওহাব মিয়ান, এসইভিপি বাহার উদ্দিন মজুমদার, এসইভিপি মোঃ এনামুল হক, গ্রুপ প্রধান কাজী মোহাম্মদ মহসীন।

সম্পাদিত চুক্তির আওতায় ন্যাশনাল লাইফ ইনস্যুরেন্স বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান বিকেএসপির সকল খেলোয়াড়দের গ্রুপ ও স্বাস্থ্য বীমা সুবিধা প্রদান করবে। বিকেএসপির খেলোয়াড়রা প্রক্ষিণকালে কোন প্রকার দুর্ঘটনার শিকার হলে চিকিৎসার ব্যয় বহন করবে ন্যাশনাল লাইফ ইনস্যুরেন্স। এ বীমা চুক্তির ফলে চিকিৎসার অভাবে বিকেএসপির খেলোয়াড়রা ঝরে পড়া থেকে রক্ষা পাবে এবং ভবিষ্যৎ অনিশ্চয়তা থেকে মুক্তি পাবে।

